

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৮.২০২০. ৩০০

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯
৩০ জুন ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব আফরিনা হাশেম (১৬৭২৮), প্রভাষক (প্রাণিবিজ্ঞান), সরকারি বাঙলা কলেজ, ঢাকা গত ১৮/০৯/২০১৮ খ্রিস্টাব্দ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশেরও জবাব প্রদান করেননি;

যেহেতু, জনাব আফরিনা হাশেম-এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক “চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে;

যেহেতু, মহামান্য রাষ্ট্রপতি জনাব আফরিনা হাশেম-কে চাকরি হতে বরখাস্তকরণে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব আফরিনা হাশেম (১৬৭২৮), প্রভাষক (প্রাণিবিজ্ঞান), সরকারি বাঙলা কলেজ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক “চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ২৯/০৬/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

চলমান পাতা-০২

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৮.২০২০. ৩৫০/২(১০)


তারিখ:

১৬ আষাঢ় ১৪২৯

৩০ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব আফরিনা হাশেম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, ঢাকা।
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
১০. জনাব আফরিনা হাশেম (১৬৭২৮), প্রভাষক (প্রাণিবিজ্ঞান), সরকারি বাঙলা কলেজ, ঢাকা।


৩০/৬/২২
(টৌধুরী সামিয়া ইয়াসমীন)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫